দৈনিক
জনকণ্ঠ

তারিখ ...19 FEB 2016...
পৃষ্ঠা ...৩... কলাম ...১...



*নর্থ-সাউথ ইউনিভার্সিটি ক্যাম্পাসে ১৯তম সমাবর্তন অনুষ্ঠানে কৃতী শিক্ষার্থীদের স্বর্ণপদক তুলে দেন রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ* *–জনকণ্ঠ*

# মেধা ও দক্ষতায় বিদেশে বাংলাদেশকে তুলে ধরতে হবে ॥ রাষ্ট্রপতি

রাষ্ট্রপতি আবদুল হামিদ নর্থ-সাউথ ইউনিভার্সিটি (এনএসইউ)'র নতুন গ্র্যাজুয়েটদের তাদের জ্ঞান, মেধা ও দক্ষতা দিয়ে বিদেশে বাংলাদেশকে তুলে ধরার আহ্বান জানিয়েছেন। রাষ্ট্রপতি বৃহস্পতিবার ঢাকায় এনএসইউ'র ১৯তম সমাবর্তনে ভাষণদানকালে একথা বলেন।

তিনি বলেন, 'তোমরা ২১ শতকের গ্র্যাজুয়েট, তোমরা পুরো উদ্ভাবনীমূলক জ্ঞান ও আকাঙ্ক্ষার প্রজন্ম, তোমাদের অবশ্যই জ্ঞান ও মেধা দিয়ে মাতৃভূমির সেবা করতে হবে।' ইউনিভার্সিটির চ্যান্সেলর রাষ্ট্রপতি বলেন, সমাবর্তন হলো সব বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রমের একটি অংশ। সমাবর্তনের মাধ্যমে উচ্চ শিক্ষার মেধাবী ছাত্র-ছাত্রীদের আনুষ্ঠানিক স্বীকৃতি দেয়া হয়। খবর বাসসর।

রাষ্ট্রপতি বলেন, 'আমি আশা করি এই সমাবর্তনে উপস্থিত গ্র্যাজুয়েট

## নর্থ-সাউথ ভার্সিটির ১৯তম সমাবর্তন

ও গবেষকরা সামাজিক, রাজনৈতিক অর্থনীতি, শিক্ষা ও সংস্কৃতিসহ সব ক্ষেত্রে নেতৃত্বের ভূমিকা পালন করতে সক্ষম হবে।' তিনি আরও বলেন, বিশ্ববিদ্যালয় শুধু উচ্চ শিক্ষা ও গবেষণার স্থান নয়, জ্ঞানচর্চারও স্থান।

উচ্চ শিক্ষায় এনএসইউ'র অগ্রযাত্রার প্রশংসা করে রাষ্ট্রপতি বলেন, বিভিন্ন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন বিশ্ববিদ্যালয়ের সঙ্গে এনএসইউ যে গবেষণা ও শিক্ষা কার্যক্রম চালিয়ে যাচ্ছে তা খবুই প্রশংসনীয়। তিনি বলেন, 'দেশের অগ্রগতি ও উন্নয়নের স্বার্থে এ ধরনের কার্যক্রম খুবই গুরুত্বপূর্ণ। ভবিষ্যতে এই কার্যক্রম অব্যাহত রাখতে বিশ্ববিদ্যালয়গুলোর কর্তৃপক্ষকে আমি পরামর্শ দিচ্ছি।'

সমাবর্তনে অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান প্রফেসর আব্দুল মান্নান, এনএসইউ বোর্ড অব ট্রাস্টির চেয়ারম্যান এমএ কাশেম ও এনএসইউর ভারপ্রাপ্ত ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. গৌর গোবিন্দ গোস্বামী। সমাবর্তনে বক্তৃতা করেন রিতা আর কলওয়েল।

সমাবর্তনে মোট ২১৩০ জন ছাত্র-ছাত্রীকে ডিগ্রী দেয়া হয়। ভাল ফলাফল করায় ৯ জনকে দেয়া হয় স্বর্ণপদক।